# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ শিহাব দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী। মানব ভূগোল পাঠে তার খুব আগ্রহ। ভূগোল শিক্ষকের ক্লাস সে খুব মনোযোগ দিয়ে শুনে। শিক্ষক সপ্তাহের ২য় দিনে মানব ভূগোলের ক্ষেত্র সম্পর্কে পাঠদান করেন। সপ্তাহের ৪র্থ দিনে মানব ভূগোলের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন।

ক. মানবভূগোল কাকে বলে? ১

খ. বাংলাদেশের প্রশাসনিক বিভাগ কয়টি? ব্যাখ্যা কর। ২

গ. শিহাবের শিক্ষক সপ্তাহের ২য় দিনে কি পাঠদান করেছেন তা বর্ণনা কর। ৩

ঘ. সপ্তাহের ৪র্থ দিনে শিহাবের শিক্ষক যে পাঠ দান করেছেন সেটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. ▶ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা মতে, জনসংখ্যার দ্রুত বৃদ্ধি তথা জনসংখ্যার ঘনত্ব শহরগুলো বিশেষ করে ঢাকা শহরকে বসবাসের অযোগ্য করে তুলছে, যা কিনা প্রভাব ফেলছে জনজীবনে, স্থবির হয়ে পড়েছে জীবনযাপন।

Teachingbd.com


ক. কোনো অঞ্চলকে কখন একটি শহর বলে গণ্য করা হয়? ১

খ. জনসংখ্যার ঘনত্ব বলতে কী বোঝায়? ২


গ. বাংলাদেশের লোকবসতির ঘনত্বের তারতম্যের কারণসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. জনসংখ্যার দ্রুত বৃদ্ধি জনজীবনে কতটুকু প্রভাব বিস্তার করে আলোচনা কর। ৪

৩. ▶




চিত্র-১



চিত্র-২

ক. বিক্ষিপ্ত বসতি কাকে বলে? ১

খ. বসতি কীভাবে গড়ে ওঠে? ২

গ. ১ নম্বর চিত্রের বসতি গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. ২ নম্বর চিত্রের বসতির গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪.▶ কৃষি বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী গবেষণা করে দেখে বিশ্বের প্রায় ৮০% চা এশিয়া মহাদেশে উৎপন্ন হয়। অধিকাংশ চা বাগান এশিয়ার বৃষ্টিবহুল মৌসুমি এবং নিরক্ষীয় অঞ্চলের পার্বত্য এলাকায় অবস্থিত।

ক. গম কোন অঞ্চলের ফসল? ১

খ. পৃথিবীর রুটির ঝুঁটি বলা কোন অঞ্চলকে এবং কেন? ২

গ. উদ্দীপকের ফসলটি উৎপাদনের প্রাকৃতিক নিয়ামকসমূহ কী হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ফসলটি এশিয়া মহাদেশের যে যে দেশে উৎপন্ন হয় তা সম্পর্কে আলোচনা কর। ৪

৫.▶ বিশেষজ্ঞরা লক্ষ করেছেন যে, শিল্প কারখানার বিকাশের জন্য যেমন সুষ্ঠু ব্যবস্থাপনার দরকার তেমনি রাজনৈতিক স্থিতিশীলতাও প্রয়োজন। অন্যথায় শিল্পায়ন সম্ভব নয়। এক কথায় বিশেষজ্ঞদের পর্যবেক্ষণ হচ্ছে শিল্পায়ন, সুষ্ঠু ব্যবস্থাপনা ও রাজনৈতিক স্থিতিশীলতা। আবার বিশেষজ্ঞরা এও বলেছেন যে, দেশ শিল্পে যত উন্নত সে দেশের উন্নয়নের গতিধারা তত শক্তিশালী। ফলে তারা বলেছেন শিল্প স্থাপনের সাথে উন্নয়নের গতিধারার সম্পর্ক বিদ্যমান।


ক. বাংলাদেশের সর্বাধিক চিনি শিল্প কোন অঞ্চলে অবস্থিত? ১

খ. বাংলাদেশ কি ঔষধ শিল্পে উন্নত? ব্যাখ্যা কর। ২

গ. বিশেষজ্ঞদের পর্যবেক্ষণ ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশেষজ্ঞরা যে দুটি বিষয়ের সাথে সম্পর্কে কথা বলেছেন তা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬.▶




ক. পরিবেশ দূষণ কি? ১

খ. বায়ু দূষণ রোধের উপায় ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত দুর্যোগ মোকাবিলায় প্রধান ধাপ সমূহ বর্ণনা কর। ৩

ঘ. যে কোনো দুর্যোগের ক্ষেত্রে ক ও খ পর্যায়ের তুলনামূলক আলোচনা কর। ৪

http://teachingbd.com

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. আন্তর্জাতিক অভিগমনের ফলে উৎস দেশের ওপর যে প্রভাব পড়ে—
i. বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগ বাড়ে
ii. বেকার সমস্যা লাঘব হয়
iii. দেশ থেকে মেধা চালান হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২. বাংলাদেশে নগরসমূহে বার্ষিক কত শতাংশ হারে জনসংখ্যা বৃদ্ধি বাড়ে?
ক ২%  খ ৩%  গ ৪%  ঘ ৫%

৩. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান নিয়ামক কোনটি?
ক কৃষি সম্পদ  খ খনিজ সম্পদ
গ বনজ সম্পদ  ঘ শিল্প কারখানা

৪. সকল প্রকার লৌহ আকরিকের মধ্যে হেমাটাইট সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কেন?
ক এ আকরিকের মধ্যে বিশুদ্ধ লোহার পরিমাণ কম
খ এ আকরিক ব্যাপকভাবে পাওয়া যায়
গ এ আকরিক নিষ্কাশন করা কষ্টসাধ্য
ঘ এ আকরিক বহন করা সহজ

৫. খনিজ পদার্থ গঠিত হয় যেভাবে—
i. দুইটি মৌলিক পদার্থের সমন্বয়ে
ii. দুইটি যৌগিক পদার্থের সমন্বয়ে
iii. দুইয়ের অধিক পদার্থের সমন্বয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৬. প্রাচীনকালে মানুষ কীভাবে অভিগমন করত?
ক পায়ে হেঁটে  খ নৌকা করে
গ গরুর গাড়ি করে  ঘ ঘোড়ার গাড়ি করে

৭. আকরিক লৌহ উৎপাদনে কোন দেশ প্রথম?
ক ভারত  খ জাপান
গ চীন  ঘ কানাডা

৮. ভারত কোন ধরনের শিল্পে সমৃদ্ধ?
ক চামড়া শিল্পে  খ চা শিল্পে
গ পেট্রো রাসায়নিক শিল্পে  ঘ সিমেন্ট শিল্পে

৯. আন্তর্জাতিকভাবে বিমানপথে বাংলাদেশের যোগাযোগ আছে—
i. সার্কভুক্ত দেশে  ii. মধ্যপ্রাচ্যে
iii. দক্ষিণ পূর্ব এশিয়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১০. মানবীয় পরিবেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কোন দার্শনিক?
ক হেরোডোটাস  খ প্লেটো
গ সক্রেটিস  ঘ ব্রুশো

১১. ইউরোপ ও আমেরিকা পৃথক হয়েছে কীভাবে?
ক প্রশান্ত মহাসাগর দ্বারা
খ উত্তর মহাসাগর
গ আটলান্টিক মহাসাগর দ্বারা
ঘ ভারত মহাসাগর

১২. শিক্ষার নগরী বলা হয় কোন শহরকে?
ক ঢাকা শহর  খ সিলেট শহর
গ বরিশাল শহর  ঘ রাজশাহী শহর

১৩. কাঠ পেন্সিলের সীস তৈরি করতে কি ব্যবহৃত হয়?
ক কয়লা  খ শিলা
গ কালি  ঘ গ্রাফাইট

১৪. সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যম হিসেবে বাংলাদেশের কোন অপ্রচলিত পণ্যটি যথার্থ?
ক তৈরি পোশাক  খ ক্যাপ
গ চামড়া  ঘ চা

১৫. মানব ভূগোল পাঠের বিষয়বস্তুকে কয় ভাগে ভাগ করা যায়?
ক ২ ভাগে  খ ৩ ভাগে
গ ৪ ভাগে  ঘ ৫ ভাগে

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৬-১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
মুকুল দৈনিক পত্রিকায় এমন একটি খনিজ সম্পর্ক জানতে পারল যা পৃথিবীতে জ্বালানি ও শক্তি সরবরাহকারী খনিজরূপে এর গুরুত্ব সর্বাধিক এবং এর অপরিহার্যতা ও বিশেষ গুরুত্বের জন্য একে তরল সোনা বলা হয়।

১৬. অনুচ্ছেদে ইঙ্গিতকৃত খনিজটির নাম কী?
ক প্রাকৃতিক গ্যাস  খ খনিজ তেল
গ কয়লা  ঘ বায়োগ্যাস

১৭. অনুচ্ছেদে ইঙ্গিতকৃত বাণিজ্যটির ব্যবহার লক্ষ্য করা যায় যে ক্ষেত্রে—
i. যন্ত্রঘোরাতে  ii. বিমান চালাতে
iii. জ্বালানি হিসেবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

Teachingbd.com

১৮. উক্ত খনিজটি পাওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে?
i. নবীন ভঙ্গিল পর্বতে ii. প্রাচীন জলাভূমিতে
iii. অগভীর সমুদ্রে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৯. ঘড়ির জন্য বিখ্যাত দেশ কোনটি?
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ সিডনি
ⓖ সুইজারল্যান্ড ⓖ প্যারিস

২০. যমুনা নদীর পূর্বে কোন ধরনের রেলপথ?
ⓚ ব্রডগেজ ⓚ ডুয়েলগেজ
ⓖ মিটারগেজ ⓖ কিলোমিটারগেজ

২১. আসিয়ানভুক্ত দেশসমূহ কোন সংস্থার সদস্য রাষ্ট্র?
ⓚ AFTA ⓚ SAFTA
ⓖ LAFTA ⓖ NAFTA

২২. যুক্তরাষ্ট্রের রপ্তানিকৃত বাংলাদেশের প্রধান পণ্যসমূহ হলো—
i. তৈরি পোশাক ii. সিরামিক
iii. নিটওয়্যার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. দুর্যোগ ব্যবস্থাপনার উদ্দেশ্য হলো—
i. ক্ষতির পরিমাণ হ্রাস
ii. পুনর্বাসন নিশ্চিত করা
iii. পুনরুদ্ধার স্থাপন করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. কোরিয়া রাষ্ট্রটি কত সালে ভাগ হয়?
ⓚ ১৯৫১ ⓚ ১৯৫২ ⓖ ১৯৫৩ ⓖ ১৯৫৪

২৫. ভূগোলের শিক্ষক আজিজ সাহেব বলেন, ধান বিশ্বের প্রধান খাদ্যশস্য। ধান চাষের জন্য কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা গ্রহণযোগ্য?
ⓚ ১০°-২১° সেলসিয়াস
ⓚ ১২°-২৩° সেলসিয়াস
ⓖ ১৪°-২৫° সেলসিয়াস
ⓖ ১৬°-২৭° সেলসিয়াস

২৬. সমুদ্রবন্দর গড়ে ওঠার জন্য গ্রহণযোগ্য হলো—
i. বিস্তৃত পশ্চাদভূমি
ii. ভগ্ন উপকূল
iii. জ্বালানির সুব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. কত সালের পর থেকে বাংলাদেশ থেকে বিশ্বে জনশক্তি রপ্তানি বৃদ্ধি পেয়েছে?
ⓚ ১৯৬০ ⓚ ১৯৭০
ⓖ ১৯৮০ ⓖ ১৯৯০

২৮. চট্টগ্রাম বন্দরকে কেন্দ্র করে কোন ধরনের বসতি গড়ে উঠেছে?
ⓚ কেন্দ্রীভূত বসতি ⓚ অর্ধকেন্দ্রিক বসতি
ⓖ পুঞ্জীভূত বসতি ⓖ বিক্ষিপ্ত বসতি

২৯. প্রাকৃতিক গ্যাসের মূল উপাদান কোনটি?
ⓚ ইথানল ⓚ মিথেন
ⓖ কার্বন ⓖ হাইড্রোজেন

৩০. সিলেটের গ্যাসে মিথেনের পরিমাণ শতকরা কতভাগ?
ⓚ ৭৫.২৫ ⓚ ৮৬.২৫
ⓖ ৯০.২৫ ⓖ ৯৬.২৫

৩১. অভিক্ষেপের কেন্দ্র কোনটি?
ⓚ মেরু বিন্দু ⓚ অক্ষবিন্দু
ⓖ নিক্ষসবিন্দু ⓖ শীর্ষদেশ

৩২. হিপোক্রেটিস কোন দেশের আদিবাসী ছিলেন?
ⓚ গ্রিক ⓚ ইরাক
ⓖ ফ্রান্স ⓖ তুরস্ক

৩৩. সিলেট শহরের আয়তন কত?
ⓚ ১২৮ বর্গকিলোমিটার
ⓚ ১৩০ বর্গকিলোমিটার
ⓖ ১৩২ বর্গকিলোমিটার
ⓖ ১৩৪ বর্গকিলোমিটার

৩৪. কোনো স্থানে বসতি গড়ে ওঠার পেছনে যেটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে—
i. প্রাকৃতিক পরিবেশ ii. সামাজিক পরিবেশ
iii. সাংস্কৃতিক পরিবেশ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৫. বাংলাদেশের কোন ফসল স্বর্ণতন্তু নামে পরিচিত?
ⓚ পাট ⓚ তুলা ⓖ রেশম ⓖ ধান

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | ক | | | | | | | | | | |

Teachingbd.com

http://teachingbd.com